

## 💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতের সর্দারগণ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## জান্নাতের সর্দারগণ

জান্নাতে সবাই যুবক-যুবতী। তবুও পার্থিব জীবনের প্রতি লক্ষ্য রেখে জান্নাতে বৃদ্ধদের সর্দার থাকবেন এবং যুবকদেরও সর্দার থাকবেন, যেমন সর্দার থাকবেন মহিলাদেরও।

বৃদ্ধদের সর্দার হবেন আবু বাকর ও উমার (রাযিয়াল্লাহু আনহুমা)। (সিঃ সহীহাহ ৮২৪নং)

যুবকদের সর্দার হবেন হাসান ও হুসাইন (রাযিয়াল্লাহু আনহুমা)। ( তিরমিয়ী, হাকেম, তাবারানী, আহমাদ)

মহিলাদের মধ্যে শ্রেষ্ঠ জান্নাতবাসিনী হবেন খাদীজা, ফাতেমা, মারয়াম ও আসিয়া। (সিঃ সহীহাহ ১৫০৮নং)

মহানবী (ﷺ) মৃত্যুর পূর্বে বলেছিলেন, "হে ফাতেমা! তুমি কি এটা পছন্দ কর না যে, মুমিন নারীদের তুমি সর্দার হবে অথবা এই উম্মতের নারীদের সর্দার হবে?" (বুখারী, শব্দাবলী মুসলিমের)

অবশ্য মারয়ামই তাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ নারী। যেহেতু তিনি একজন নবীর মা। আর তার জন্য মহান আল্লাহ বলেছেন,

وَإِذْ قَالَتِ الْمَلَائِكَةُ يَا مَرْيَمُ إِنَّ اللَّهَ اصْطَفَاكِ وَطَهَّرَكِ وَاصْطَفَاكِ عَلَىٰ نِسَاءِ الْعَالَمِينَ

অর্থাৎ, (স্মরণ কর) যখন ফিরিস্তাগণ বলেছিল, 'হে মারয়াম! আল্লাহ অবশ্যই তোমাকে মনোনীত ও পবিত্র করেছেন এবং বিশ্বের নারীদের মধ্যে তোমাকে নির্বাচিত করেছেন। (আলে ইমরানঃ ৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12189

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন